

কবিতা

ওমর আহাম্মদ মজুমদার

ফাতেমা আকতার

জন্ম তাঁহার কুমিল্লা জেলার নাঞ্জলকোট উপজেলায়,
বাঙ্গলডো নামে, সুন্দর একটি আদর্শ গ্রামে।
সবাই তাঁহারে চিনে ওমর আহাম্মদ মজুমদার, এমপি সাহেব নামে।

মানুষের জন্য করেছেন তিনি, কত না কল্যাণকর কাজ।
কত মানুষ স্মরণ করে তাঁহারে, সকাল সন্ধ্যা সাজ,
রহিবে চিরদিন তিনি মানুষের মাঝে, শুনেছি তাঁহার নামে, কত গুণগান।
দুঃখী মানুষের নাকি, ছিলেন তাঁহার প্রাণ।

করেছেন প্রতিষ্ঠা ১৯৬৫ সালে নিজ গ্রামে নিজ জায়গায় নিজ পিতার নামে
বাদশা মিয়া আদর্শ উচ্চ বিদ্যালয় ও ১৯৯৫ সালে মহাবিদ্যালয়।
এলাকার মানুষের কর্মসংস্থানের জন্য তৈরি করেন,
বাদশা মিয়া নামে একটি অটো রাইস মিল।
তাঁহারই স্বরণে এলাকাবাসী গড়ের ওমরগঞ্জ বাজার ও ডাকঘর।

সেই সাথে প্রতিষ্ঠা করেন একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়
গরিব শিক্ষার্থীদের জন্য স্থাপন করেন একটি স্বাস্থ্য সেবা কেন্দ্র।
কত কষ্ট, কত দুঃখ করেছেন তিনি এই সব প্রতিষ্ঠানের জন্য
তাঁহার সকল কাজে এলাকাবাসীর সহযোগিতা ছিল অনন্য।

হাজার, হাজার শিক্ষার্থী শিখেছেন,
এসব শিক্ষা প্রতিষ্ঠান হইতে লক্ষ কোটি বর্ণ
এই বিদ্যালয়ের কত শিক্ষার্থী হয়েছেন,
দেশ-বিদেশে সম্মানীয়, গুণী ও বরেণ্য
হয়নি তারা কভু মাদকের প্রতি আসক্ত।

গড়েছেন আদর্শবান নাগরিক, জাতিকে করেছেন ধন্য
বাঙ্গলডো এলাকার মানুষগুলো বিদ্যুৎ পেয়েছিলেন তাঁহারই জন্য
ওমর আহাম্মদ মজুমদার দেখি নাই কখনো
যদিও আমি এই প্রতিষ্ঠানের দশম শ্রেণীর ছাত্রী।
আমরা সবাই গর্ব করি তাঁহাকে দিবারাত্রি।

১৯৩০ সালে বাঙ্গলডো গ্রামে জন্ম নিয়ে ১৯৯৬ সালে করেন মৃত্যুবরণ,
এসো আমরা সবাই মিলে বিন্দু শুন্দা ভরে,
ওমর আহাম্মদ মজুমদার কে করি স্মরণ।